# 3 Yr. Degree/4 Yr. Honours 6th Semester Examination, 2026 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG 6013 (MAJOR)

**(রবীন্দ্রসাহিত্য)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) ‘‘ক্ষুধা মিটাবার খাদ্য নহে যে মানব
কেহ নহে তোমার আমার”—
মানব কেন ক্ষুধা মেটাবার খাদ্য নয়? ‘কেহ নহে তোমার আমার’—বক্তব্য স্পষ্ট করো।

(খ) ‘আঁধার ঘরের রাজা’ কোন সময়ে এসেছে? ‘দুঃখ রাতের রাজা’ কার সঙ্গে এসেছে?

(গ) ‘দুইপাখি’ কবিতাটি কোন পাখির উক্তি দিয়ে শুরু এবং কোন পাখির উক্তি দিয়ে শেষ?

(ঘ) ‘ব্রাহ্মণ’ কবিতার কাহিনির উৎস কী? কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?

(ঙ) ‘‘আমি ছাড়া ঘরে থাকে আর একটা জীব
এক ভাড়াতেই”
—এখানে কোন ‘জীব’-এর কথা বলা হয়েছে? বক্তার সঙ্গে সেই জীবের তফাত কী?

(চ) ‘জীবিত ও মৃত’ গল্পে চিতার কাঠ আনতে গিয়েছিল যে দুটি চরিত্র তাদের নাম লেখো।

(ছ) ‘সুভা’ গল্পে সুভার সঙ্গে যাদের অন্তরঙ্গতা ছিল, তাদের অন্তরঙ্গতার কারণ কী?

(জ) ‘‘... তাহাদের কোনোরূপ আইন-আদালত নাই।”— কাদের আইন-আদালত নাই? ‘শাস্তি’ গল্পে চন্দরার শেষ কথাটি কী?

(ঝ) ‘‘সেই দৃশ্য দেখিবামাত্র তাঁহার পুরাতন জীবন দ্বিতীয়বার কারামুক্ত হইয়া বাহির হইল’’— দৃশ্যটি কী?

(ঞ) ‘মুক্তধারা’ নাটকে নাট্যকাহিনির স্থানদুটির নাম লেখো।

(ট) বিনোদিনীর স্বামীর নাম কী? তারা কোথায় থাকত?

(ঠ) ‘চোখের বালি’ উপন্যাসে বঙ্কিমচন্দ্রের কোন রচনার উল্লেখ আছে? কী প্রসঙ্গে এই রচনার উল্লেখ করা হয়েছে?

(ড) আশালতার ডাকনাম কী? তার মাসির নাম কী?

(ঢ) ধনঞ্জয় কোন নাটকের চরিত্র? নাটকে তার গাওয়া যেকোনো একটি গানের প্রথম পঙক্তি উল্লেখ করো।

(ণ) গিরিবালা কার কাছে লেখাপড়ার চর্চা শুরু করেছিল? কোন রচনার চরিত্র এরা?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) ‘দুইপাখি’ কবিতায় কবির বক্তব্যবিষয়টি যে-ভাষায় ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

(খ) ‘ওরা কাজ করে’ কবিতায় ‘ওরা’-দের জীবনসংগ্রাম ও সভ্যতার ইতিহাসে ‘ওরা’-দের ভূমিকা কীভাবে ব্যক্ত হয়েছে তা পর্যালোচনা করো।

(গ) ‘মুক্তধারা’ নাটকে অভিজিৎ চরিত্রটিকে ‘নায়ক’ বলা যায় কি না তা আলোচনা করো।

(ঘ) ‘কঙ্কাল’ গল্পটিকে অতিপ্রাকৃত গল্প হিসেবে দেখা যায় কি না সে বিষয়ে তোমার অভিমত দাও।

(ঙ) ‘কাবুলিওয়ালা’ গল্পে মিনি চরিত্রটি নির্মাণে গল্পকারের দক্ষতা বিচার করো।

(চ) ‘চোখের বালি’ উপন্যাসে আশা চরিত্রটির গুরুত্ব নিরূপণ করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘শাস্তি’ গল্পের নামকরণ সঠিক হয়েছে কি না বিচার করো।

(খ) ‘চোখের বালি’ উপন্যাসে বিনোদিনী চরিত্রের সার্থকতা আলোচনা করো।

(গ) ‘মুক্তধারা’ নাটকে শেষ পর্যন্ত “যন্ত্র শক্তির মহিমা পরাস্ত হয়েছে”— এই মন্তব্য সম্পর্কে তোমার মতামত যুক্তি-সহ আলোচনা করো।

(ঘ) “আকবর বাদশার
সঙ্গে হরিপদ কেরানির কোনো ভেদ নেই”

— বক্তার এই উপলব্ধির কারণ ‘বাঁশি’ কবিতা অবলম্বনে নিজের ভাষায় লেখো।

———